গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
সমন্বয় শাখা
www.plandiv.gov.bd

স্মারক নং-২০.০০.০০০০.৩৩২.১৮.০০০২.২৬.১১৯

তারিখ : ২৩ চৈত্র ১৪৩২
০৬ এপ্রিল ২০২৬

**বিষয়: মাননীয় উপদেষ্টা, অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয় জনাব রাশেদ আল মাহমুদ তিতুমীর এঁর সভাপতিতে পরিকল্পনা মন্ত্রণালয়ের কর্মকর্তাগণের সাথে ২৯ মার্চ ২০২৬ তারিখে অনুষ্ঠিত পর্যালোচনা সভার সংশোধিত কার্যবিবরণী প্রেরণ।**

২৯ মার্চ ২০২৬ তারিখ রবিবার এনইসি সম্মেলন কক্ষে মাননীয় উপদেষ্টা, অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয় এর সভাপতিত্বে পরিকল্পনা মন্ত্রণালয়ের কর্মকর্তাগণের সাথে পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভার অনুমোদিত সংশোধিত কার্যবিবরণী নির্দেশক্রমে এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

০২। **পরিকল্পনা বিভাগের ০১/০৪/২০২৬ তারিখে ২০.০০.০০০০.৩৩২.১৮.০০০২.২৬-১১৩ নং স্মারকমূলে জারীকৃত ২৯ মার্চ ২০২৬ তারিখে অনুষ্ঠিত পর্যালোচনা সভার কার্যবিবরণী এতদ্বারা বাতিল করা হলো।**

০৩। সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

**সংযুক্তি: বর্ণনামতে (০২ পৃষ্ঠা)।**


০৬.০৪.২০২৬
(মিন্টু চোধুরী)
উপসচিব
ফোন: ০২-৪৮১১৩৩৫১
E-mail: dsplandivco@gmail.com


**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সদস্য (সিনিয়র সচিব), ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
২. সদস্য (সচিব), কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৩. সদস্য (সচিব), আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৪. সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।
৫. সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৬. সদস্য (সচিব), কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৭. সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৮. সদস্য (সচিব), সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৯. সদস্য (সচিব), শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
১০. মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, আগারগাঁও, ঢাকা।
১১. মহাপরিচালক, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস), আগারগাঁও, ঢাকা।
১২. প্রধান (সকল) পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
১৩. অতিরিক্ত সচিব (সকল), পরিকল্পনা বিভাগ/পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
১৪. অতিরিক্ত সচিব/মহাপরিচালক (সকল), বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
১৫. যুগ্মপ্রধান (সকল), পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।

**সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. উপদেষ্টার একান্ত সচিব, অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)।
২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা (**ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ**)।
৩. সচিবের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৪. অফিস কপি/সংশ্লিষ্ট নথি।

C:\Users\USER\Downloads\Issues10.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
সমন্বয় শাখা
www.plandiv.gov.bd

**বিষয়: মাননীয় উপদেষ্টা, অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয় জনাব রাশেদ আল মাহমুদ তিতুমীর এঁর সভাপতিত্বে পরিকল্পনা মন্ত্রণালয়ের কর্মকর্তাগণের সাথে ২৯ মার্চ ২০২৬ তারিখে অনুষ্ঠিত পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয় এর মাননীয় উপদেষ্টা জনাব রাশেদ আল মাহমুদ তিতুমীর এঁর সভাপতিত্বে পরিকল্পনা মন্ত্রণালয়ের কর্মকর্তাগণের পর্যালোচনা সভা গত ২৯ মার্চ ২০২৬ তারিখ অনুষ্ঠিত হয়। সভায় পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা কমিশন, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ও বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস) এর উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

**২.০ আলোচনা:**

২.১ মাননীয় উপদেষ্টা মহোদয়ের অনুমতিক্রমে সচিব, পরিকল্পনা বিভাগ স্বাগত বক্তব্যের মধ্য দিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার আলোচ্যসূচিতে পরিকল্পনা কমিশনের ৪টি সেক্টরের মধ্য হতে পর্যায়ক্রমে ভৌত অবকাঠামো বিভাগ, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ এবং শিল্প ও শক্তি বিভাগের উপস্থাপনা হবে মর্মে তিনি সভাকে অবহিত করেন।

২.২ উপস্থাপনা শুরুর পূর্বে মাননীয় উপদেষ্টা অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয় বলেন যে, চলমান প্রকল্পসমূহের অধিকাংশই নির্বাচনী ইশতেহার অনুযায়ী সঙ্গতিপূর্ণ নয়। সরকারের অগ্রাধিকার অনুযায়ী প্রথমে চলমান প্রকল্পসমূহ প্রাক্কলিত ব্যয়ের ভিত্তিতে যৌক্তিকীকরণ করতে হবে। দ্বিতীয়ত: নির্বাচনী ইশতেহারের আলোকে নতুন প্রকল্প যাচাইবাছাই করে অনুমোদন প্রক্রিয়াকরণ করতে হবে। তৃতীয়ত: যে সকল চলমান প্রকল্প নির্বাচনী ইশতেহারের সাথে সামঞ্জস্যপূর্ণ রয়েছে সেগুলো চিহ্নিত করা এবং যেগুলো নেই সেগুলোও চিহ্নিত করে সুপারিশ আকারে পরিকল্পনা কমিশনের সেক্টরগুলো থেকে পরিকল্পনা বিভাগে প্রস্তাব প্রেরণ করতে হবে। অত:পর তিনি উপস্থাপনা শুরু করার জন্য অনুরোধ করেন। সে অনুযায়ী পরিকল্পনা কমিশনের ৪টি সেক্টরের উপস্থাপনা পর্যায়ক্রমে সম্পন্ন করা হয়। উপস্থাপনা শেষে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

**৩.০ সিদ্ধান্ত:**

৩.১ সরকারের প্রতিশ্রুতি অনুযায়ী পরিকল্পনা কমিশনের সকল সেক্টর কর্তৃক প্রকল্প গ্রহণের ক্ষেত্রে Value for Money, Return on Investment নিশ্চিতসহ কর্মসংস্থান সৃষ্টিকে অগ্রাধিকার প্রদান করতে হবে। অধিক কর্মসংস্থান সৃষ্টি হয় এমন প্রকল্প গ্রহণ করতে হবে।

৩.২ আগামী ২১/০৪/২০২৬ তারিখের মধ্যে ৪টি সেক্টর/ডিভিশনকে চলমান প্রকল্পের প্রাক্কলিত ব্যয় যৌক্তিকভাবে নির্ধারণ করাসহ প্রকল্পসমূহ নির্বাচনী ইশতেহারের সাথে সঙ্গতিপূর্ণ কিনা তা যাচাই-বাছাইপূর্বক তালিকা প্রস্তুত করে পরিকল্পনা বিভাগে প্রেরণ করতে হবে। ভবিষ্যৎ নতুন প্রকল্পসমূহ নির্বাচনী ইশতেহারের সাথে সামঞ্জস্যপূর্ণ কিনা তা যাচাই-বাছাই করে অনুমোদন প্রক্রিয়াকরণ করতে হবে।

৩.৩ বিআইডিএস সরকারের নির্বাচনী ইশতেহারের সাথে সঙ্গতি রেখে কোন ইকনোমিক মডেল সেক্টরাল প্লান উপযোগী হবে তা নিরুপনসহ সে প্লানের বাস্তবায়ন এবং মনিটরিং কৌশল নির্ধারণপূর্বক আগামী ৩০/০৪/২০২৬ তারিখের মধ্যে খসড়া প্লান পরিকল্পনা বিভাগে দাখিল করতে হবে।

৩.৪ সাধারণ অর্থনীতি বিভাগ নির্বাচনী ইশতেহারের আলোকে প্রকল্প গ্রহণের ক্ষেত্রে সেক্টরাল একশন প্লান এর খসড়া প্রস্তুত করে আগামী ৩০/০৪/২০২৬ তারিখের মধ্যে পরিকল্পনা বিভাগে দাখিল করতে হবে।

৩.৫ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ তথ্যের (data) সঠিকতা, বিশ্বাসযোগ্যতা, ব্যবহার উপযোগিতা এবং ডাটা প্রাপ্তির সহজলভ্যতা নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে। উক্ত কার্যক্রম ত্বরান্বিত করণের লক্ষ্যে নিম্নবর্ণিতভাবে একটি কমিটি গঠন করা হলো:

| ক্রমিক | পদবি ও কর্মস্থল | অবস্থান |
|---|---|---|
| ১. | সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | আহবায়ক |
| ২. | মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো | সদস্য |
| ৩. | মহাপরিচালক, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান | সদস্য |
| ৪. | যুগ্মপ্রধান, মাল্টি সেক্টরাল ইস্যুজ ও সমন্বয় অনুবিভাগ, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন | সদস্য |
| ৫. | যুগ্মসচিব, তথ্য ব্যবস্থাপনা অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | সদস্য সচিব |

**কমিটির কার্যপরিধি:**

১. BBS এর সার্বিক উন্নয়নে যেমন: Census এবং Survey পরিচালনা করতে Methodological System উন্নয়ন সহ অন্যান্য অর্থনৈতিক ও সামাজিক সূচক প্রণয়নে কর্মকৌশল নির্ধারণ করা।

২. কমিটি আগামী ৩০/০৪/২০২৬ তারিখের মধ্যে এতদসংক্রান্ত প্রতিবেদন পরিকল্পনা বিভাগে দাখিল করবে।

৩. কমিটি প্রয়োজনে সংশ্লিষ্ট অন্য কোন সদস্যকে কো-অপ্ট করতে পারবে।

৪. বিবিধ

৩.৬ বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ প্রকল্প বাস্তবায়ন ও মূল্যায়নে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে প্রকল্পসমূহ বাস্তবায়নের কাজ নিবিড়ভাবে মনিটরিং করবে। চলমান প্রকল্পের কার্যক্রম নিশ্চিতকরণে মাঠপর্যায়ে সরেজমিন পরিদর্শন করে ত্রৈমাসিক/ষাণ্মাসিক প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়সহ পরিকল্পনা বিভাগে প্রেরণ করতে হবে।

৩.৭ পরিকল্পনা বিভাগ কর্তৃক জারিকৃত নির্দেশিকায় প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগের ক্ষেত্রে যে Criterion উল্লেখ আছে তা যথাযথভাবে প্রতিপালনের জন্য পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগ সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে সচেতন করবে। কার্যক্রম বিভাগ প্রয়োজনে অদক্ষ প্রকল্প পরিচালকদের দ্রুত অপসারেণের ক্ষেত্রে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০২/৪/২৫

(রাশেদ আল মাহমুদ তিতুমীর)
উপদেষ্টা
অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয়